


মাসিক কমপিউটার জগৎ

মে ১৯৯১

জনগণের হাতে কমপিউটার চাই



তথ্য প্রযুক্তি : সমাজ ও অর্থনৈতিক উন্নয়নে এর প্রভাব

আপনার PCটির যত্ন নিন

সফটওয়্যারের গোপন কারুকাজ

অ্যাপল আবার বন্ধু হতে বাড়ালা

উপসাগরে যুদ্ধ : জ্যালাতে জমজমাট ব্যবসা
আরো সস্তা চিপ : সাত হাজার টাকার কমপিউটার
শত শত কোটি ডলারের সফটওয়্যার ছুরি

কম্পিউটার জগৎ

মে ১৯৯১

১৭ জনগণের জন্য কম্পিউটার চাই

প্রশ্নে ব্যাপক ভিত্তিক কম্পিউটার শিক্ষা ও কম্পিউটারায়ন শুরু করা সরকার অবিলম্বে। চাই জনগণের হাতে কম্পিউটার। এ কার্যক্রমে যারা জড়িত হতে পারেন তাদেরকে অভিনু সমস্যার প্রশ্নে কথা বলতে, সমস্যা নিয়ে ভাবতে আগ্রহী করে তুলতে এবং সমস্যাকে সামনে রেখে একটা একা মতের সন্ধানে আলোড়ন সৃষ্টি করার প্রয়াস নিয়েছে কম্পিউটার জগৎ। সাক্ষাৎকার ভিত্তিক সারগর্ভ এ প্রতিবেদনটি লিখেছেন স্বনামধন্য, সাংবাদিক নাজীমউদ্দিন মোস্তান ও ডুইয়া ইনাম লেনিন।

১৫ আপনার PC টির যত্ন নিন

প্রাপনার অত্যন্ত আদরের PC টি অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রপাতির মতই অমৃত, অবহেলায় বা অবজ্ঞানিক ব্যবহারে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। আপনার PC টির কি কি কারণে ক্ষতি হতে পারে, কেমন করে এর যত্ন নেবেন, কিভাবে ভাটা হারানো রোধ করা যায় ইত্যাদি সমুদ্রে এটি একটি চমৎকার প্রবন্ধ। যাদের PC আছে বা যারা তা ব্যবহার করেন তারা এ লেখাটি না পড়লে অনেক কিছুই মিস করবেন। অত্যন্ত সাবলিল ভাষায় মূল্যবান প্রবন্ধটি লিখেছেন নির্মলচন্দ্র চৌধুরী।

১৫ তথ্য প্রযুক্তি ও অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের প্রভাব

বর্তমান বিশ্বে তথ্যই হচ্ছে সবচেয়ে মূল্যবান সামগ্রী। তথ্য প্রযুক্তি কি, এটা আধুনিক সমাজে ও অর্থনীতিতে কি ভাবে এবং কত ব্যাপক ভাবে প্রভাব ফেলবে তার একটি সংক্ষিপ্ত রূপরেখা একেবারে হালোমেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক মোহাম্মদ আকিলুর রহমান।

১৯ কম্পিউটার পাঠশালা

কম্পিউটারের কার্য প্রণালী ও গঠন নিয়ে এই নির্মিত বিভাগ কম্পিউটার পাঠশালা। এ সবচেয়ে আগে কম্পিউটারের কাজ। যার কম্পিউটারের কার্যপ্রণালী সমুদ্রে প্রাথমিক ধারণা স্পেতে চান তাদের জন্য সহায়ক করবে এ সূচীপত্র। এটি লিখেছেন বিশিষ্ট বিজ্ঞান লেখক অধ্যাপক মুহাম্মদ ইয়াসীম।

১৯ কম্পিউটার জগতের বই

- আই বি এম পোর্টেবল পিসি
- এ এল আর - এর পোর্টেবল পিসি
- এ এস টি পোর্টেবল ল্যাপটপ
- এনসিআর সিস্টেম ১০০০০ : মডেল-৮৫
- একই পি লেনার প্রিন্টার
- একই মেশিনে ফ্যাক্স ও কপিয়ার
- সজ্জায় রঙ্গীন মুদ্রণ
- সবচেয়ে বড় কমতার ফ্যাক্স মেশিন
- কোডাকের রঙ্গীন প্রিন্টার
- টাইল রাইটার
- ভারতে রেল কম্পিউটারাইজেশন
- আইসিএম মটোরলার আলোচনা কর্ব
- গ্যানের কোম্পানী ও এ্যাপেল -এর মামলা
- অ্যাশটন-টেইট ডিবেঙ্ক মাল্যায় পরাঙ্কিত
- নতুন ডাইট
- নেটওয়ার্ক
- মাউস
- রেডিও মাউস
- এক্স.জি. এ নতুন ডিভিও ট্যাগোর্ড
- তখন নেভিগেটর
- এ এল আর-এর মাউস এক্সেস পিরিঙ্ক
- অটোক্যাড রিলিঙ্ক ১১
- ম্যাকিনটোশে বালু স্ক্রোলায়িং

২৩ পাত সফটওয়্যার ডানারের সফটওয়্যার চুই

সার্ব বিশ্বে প্রতি নিয়ত কোটি কোটি ডানারের সফটওয়্যার চুই হচ্ছে। পুরনো আমেরিকাতেই প্রতি বছর এই পাইরেটারি ছদ্ম উপোদানকারী কোম্পানী মুদ্রণ বন্ধিত হচ্ছে ১৪০০ কোটি ডলারের। প্রত্যটি মনম অর্পণেই পাবেন এ সংখ্যায়। লিখেছেন মতিমুর রহমান সিদ্দিকি।

২২ আরো সস্তা চিপ সাভ হাজার টাকা কম্পিউটার

ইন্টেল কোম্পানীর চিপ-এর প্রযুক্তি ও মূল্য মানের উপর চমৎকার একটি তথ্য বহুল বিশ্লেষণ। অন্যর ভবিষ্যতে কত কম মামে কম্পিউটার ও চিপস পাওয়া যাবে তা স্থানর যাবে এ লেখাটিতে। লিখেছেন মইন উল্লাহ স্বপন।

২৩ এ্যাপল আবার বিক্রির হাত বাড়ালো

এ্যাপল কোম্পানী তার হারিয়ে যাওয়া বৈশ্বিক ও স্থানীয় পুনরুদ্ধারের জন্য তার সামগ্রীর মাঝ অনেক কঠিনচেষ্টা। তার সাথে সাথে নতুন নতুন মডেলে পানিত করেছেন ব্যবহারকারীদের সাথে বন্ধুত্ব ভিত্তির প্রযুক্তি। এ নিবে লিখেছেন বাসল হক।

২৬ উপসাগরে যুক্ত ড্যানীতে জমজমাট ব্যবসায়ী

উপসাগরের যুদ্ধের ফলে আমেরিকার সিঙ্গল ড্যানীতে কম্পিউটার প্রকৃত কারেকের অবলম্বিত ব্যবসায়ের একটি আকর্ষণীয় প্রতিবেদন। লিখেছেন মাসুম আকতার পাণ্ডা।

৩৪ চাকরীর খবর

কম্পিউটার সম্পর্কিত বিভিন্ন চাকরীর খবরগুলি আছে এই বিভাগে। যে কোন প্রতিষ্ঠানে কম্পিউটার সম্পর্কিত পদে কর্মরত থাকলে অথবা যাদের জানালে আবার নিম্নলিখিত তা প্রকাশ করবে।

১৪ সফটওয়্যারের উপাদান কারকারক

এটি একটি নির্মিত বিভাগ। এ সবচেয়ে আগে ওজারটোর ও ১-২-৩র মুঠি চমৎকার করে কাজ। পর্যাপ্ত ও আশাশীল সংখ্যায় অন্য বিভিন্ন সফটওয়্যার উপর এ ধরনের লেখা পাঠাতে পারেন। এ সংখ্যায় লিখেছেন আব্দুল হাশেম।

৫০ সম্পাদকের দৃষ্টির খেকে

উপদেষ্টা

- ডঃ মুহাম্মদ ইব্রাহিম
- ডঃ সৈয়দ আবদুল হক
- ডঃ হুমায়ুন ক্যামিল
- ডঃ ইয়াসীন হুসেইন
- ডঃ আতিক হুসেইন

সম্পাদনা উপদেষ্টা
ডে. আব্দুল বাসের

সম্পাদক
এস.এ.বি. এম. বনরগোড়া

প্রধান নির্বাহী
ইয়াসীন হুসেইন

শিল্প নির্দেশনা
আজহার হুসেইন

সম্পাদনা সহযোগী

- শ.স. • এম. আর. সিকদারী
- এস. মজিব • আসগার হামিদ
- আর. চৌধুরী • মোস্তফা আলোয়ার
- এস.এস. হক • একে এম. ইসলাম
- এস.এ. সফিক • এম. এইচ. টিপুল
- এ.এম. ফকর • এরশাদুল হক রোমেল
- এম. আহমেদ • হামিদুল হক বাসল
- এ. মল্লিক রাসিম • আব্দুল হামিদ
- এম. করিম • ডঃ এস. সফিক
- এস.এ. করিম • মাহবুবুল হক
- মইনউদ্দীন স্বপন • টি.পু. বন্দ্যোপাধ্যায়

বিশেষ প্রতিনিধি

- ডঃ মুহাম্মদ হামিদ হুসেইন - যমাইল
- ডঃ এ. মজিব - টি.সি
- ফজর রশিদ - কলম
- এম. চান্দী - ভারত
- জোহান মুসিব - জার

কমপিউটার কোম্পানি
কমপিউটারলাইন

১৫/১ মডেলিং রোড, টল-১৩৫, নমঃ ৫০৬৫৫

মুদ্রণ :

ক্যাপিটাল প্রিটিং এন্ড পাবলিকেশন লিঃ
৫০-১, মেড রোড, ঢাকা।

প্রকাশক : দায়িত্ব গ্রহণ

১৫/১ মডেলিং রোড, টল-১৩৫, নমঃ ৫০৬৫৫,
ঢাকা। : 632477 DCL BJ
দায়িত্ব গ্রহণ : দশ টাকা
বার্ষিক সভাক একশত টাকা
বাৎসরিক সভাক ষাট টাকা

বিগত ২/৩ দশকের বিবর্তনে কমপিউটার আজ এমন এক পর্যায়ে পৌঁছেছে যার বিশেষত্বকর অবদান মানুষের জীবন ও সভ্যতার সকল ক্ষেত্রেই প্রত্যেক বা পরোক্ষভাবে প্রভাবিত করেছে। কমপিউটার এখন ব্যবস্থাপনা, সরকারী প্রশাসনে, শিল্পে, শিক্ষায় ব্যবসায়, চিকিৎসায়, মুদ্রণে, যোগাযোগ ব্যবস্থায় এমনকি বিনোদনে ব্যস্তত্ব হয়ে প্রযুক্তিতে পৃথিবীকে হাজার হাজার বছর এনিয়ে নিয়ে যাচ্ছে। সূচনা হয়েছে কমপিউটার বিপ্লবে। এ বিপ্লবে যোগ্য সৈন্যের অন্যতম শর্ত হচ্ছে কমপিউটার শিক্ষার ও কমপিউটারায়নের ব্যাপক প্রসার। কমপিউটার জগৎ প্রকাশনা এ বিপ্লবে বাংলাদেশকে সম্পূর্ণ করার প্রত্যয়ে আমাদের বহুশ্রী প্রয়াস।

উন্নত দেশগুলোর অবস্থা দেখে উন্নত প্রযুক্তি গ্রহণের ফলে বেকার তৈরী হবার খোঁড়া তরু আজকাল কেউ করেন না। একটা উন্নত প্রযুক্তি ব্যবহার করে তাতে বিনিয়োগকৃত মূলধন সবচেয়ে কম সময়ে ফেরৎ পাওয়া যায়। তা নিয়ে পুনরায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যায়। তার চেয়ে বড় কথা এর মাধ্যমে উন্নত মেধা ও অভিজ্ঞতাসম্পন্ন মানব সম্পদ তৈরী হর-সম্পদের কোনওপন্থা হ্রাসের ছাড়াই, তার সাক্ষি বার বার উচ্চমুদ্রায় বিক্রি করা যায়। কাজেই আমাদের দেশের দুর্লব অর্থনৈতিক অবস্থায় এটা বেশী গুরুত্ব পাবার দাবী রাখে। আমরা মনে করি কমপিউটারায়নে অর্থনৈতিক সমস্যা বিশেষ কোন ক্ষাণ্টই নয়। সামাজিক ও রাজনৈতিক দৃষ্টিকোণে এ ব্যাপারে সূচ্য।

উল্লেখ্য, প্রায় আমাদের মত আর্থ-সামাজিক অবস্থায় ভারতে বর্তমান পঞ্চবার্ষিক পরিকল্পনায় সে দেশের কমপিউটারায়নের লক্ষ্যে ৯ লক্ষ পরিসোনাল কমপিউটার এবং ৮ লক্ষ মিনি কমপিউটার স্থাপনের পরিকল্পনা ব্যবস্থায়নের কাজ শুরু এনিয়ে চলছে। সেখানে এখন প্রতি বছর বিশ্ববিদ্যালয় বা সরকার অনুমোদিত অন্যান্য প্রতিষ্ঠানে থেকেই ১০,০০০ ছাত্র-ছাত্রী এ বিষয়ে উচ্চতর শিক্ষা লাভ করছে। পূণ্য ও গিল্পী বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বি.এস সি (পোস্ট) কোর্সের ছাত্রদের জন্য পল্লভ বিদ্যা ও রসায়নের মত কমপিউটার বিজ্ঞানেও রয়েছে। যে কোন সালেই গ্রাফিট কমপিউটার অপারেশন-এর উপর মায়র ডিগ্রী নিতে পারে। এস. এস. সি পাশ করা ছাত্ররা ইন্টারন্যাশনাল ট্রেনিং ইনস্টিটিউট (ITI) থেকে ডিপ্লোমা কোর্স করতে পারে। ন্যাশনাল কমিউনিকেশন ফর জোকেশনাল ট্রেনিং থেকে এক বছরের কোর্স করার ব্যবস্থা আছে। আর আমাদের দেশে একমাত্র প্রকৌশল বিশ্ববিদ্যালয় গুটি কয়েক ছাত্রকে কমপিউটারের উচ্চতর শিক্ষা দেয়া হচ্ছে। ছাত্রদের জন্য সাধারণ বিশ্ববিদ্যালয়ে বা কলেজে এ বিষয়ে শিক্ষার কোন সুযোগই নেই। দেশে ব্যক্তের ছাত্রের মত গণিয়ে উঠা ট্রেন লাইসেন্স সর্বধ কমপিউটার ট্রেনিং সেন্টারগুলোর মত অত্যন্ত সল্প মেয়াদী প্রশিক্ষানকারী প্রতিষ্ঠানগুলোর একটি হচ্ছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের তথাকথিত অঙ্গ প্রতিষ্ঠান "ইনস্টিটিউট অফ সায়েন্টফিক ইনস্ট্রুমেন্টেশন"। সরকারী আমলাদের মতে যার অস্তিত্ব পঢ়ার অপচয়। আর একটি চ্যালেঞ্জ অর্থাৎভাবে জাকরিত কমপিউটার কমিউনিকেশন, একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক মীলমনি কমপিউটার সেন্টারটিকেও ব্যবসায়িক কাজে ডাকা থাকার চিন্তাভাবনা চলছে। যদিও এদের কোনটিতেই দীর্ঘ মেয়াদী কোন কোর্স নেই।

উচ্চ শিক্ষার স্বরূপান্তরে নিয়োজিত সমসাময়িক বিজ্ঞান কোন সিলেবাসের ভিত্তিতে শিক্ষা দিবে এ শর্ত বিতর্কেই বছরের পর বছর পার করে নিচ্ছে। অথচ বিশ্ব বাজারের বর্তমানের ৫০,০০০ কোটি ডলারের সফটওয়্যার ব্যবসা যা কি না ২০০০ সালে ১০০,০০০ কোটি ডলারে পৌঁছেবে তার একটা জগ্নাংশের জন্যও কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না। আমরা মনে করি ব্যক্তিগতভাবে উঠে এ ব্যাপারে একযোগে সবাই এনিয়ে আসা উচিত। সমস্যাগুলো নিয়ে দেশে একটা আশারণ সৃষ্টির উদ্দেশ্যে আমাদের এই প্রথম সংবোধন থাকছে একটি সাধারণের ভিত্তিক প্রতিবেদন। আশা করি দেশের সচেতন জনগোষ্ঠী এবং নীতি নির্ধারকদের তা ন্যাড়া দিবে।

আগামী সংখ্যা থেকে নিরমিতভাবে 'আপনাদের টিটি' ও 'শ্রু-উত্তর' এ দুটা বিভাগ থাকবে। সবচেয়ে কমপিউটার জগৎ প্রকাশ করতে যারা নামাভাবে সহযোগিতা করেছেন বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহাম্মদ ইব্রাহিম ও কমপিউটার কমিউনিকেশনের নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ আশিকুর রহমান তাদের সবাইকে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি।

জনগণের হাতে কমপিউটার চাই

জনগণের হাতে কমপিউটার চাই এ ধাৰী নিয়ে মাসিক কমপিউটার জগৎ তার প্রথম জিআস ও অনুসন্ধান প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে উচ্চতর কমপিউটার শাখা শিক্ষণ নিয়োজিত পণ্ডিত, কমপিউটার ব্যবসায় নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের কাছে জানতে চেয়েছে, উন্মুখ জনগণ ও তাদের শিক্ষার্থী সমন্বয়ের হাতে অন্যান্য দেশের মত শিক্ষণ-প্রশিক্ষণের কমপিউটার তুলে দেবার ক্ষেত্রে সরকার, দিশারী পণ্ডিত ও কারবার নিয়োজিত প্রতিষ্ঠানগুলোর ব্যবস্থা-চিন্তার জড়তা, সম্পদের সীমাবদ্ধতা না পছন্দিগত?



দেশে প্রচলিত রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সুযোগ ও অধিকারের মতই কমপিউটারের বিস্তারও সীমিত হয়ে পড়ছে মুষ্টিমেয় জল্যবান ও সৌধিন মানুষের মধ্যে। যেক, বুদ্ধি, ক্ষিপ্ততা অথবা এদেশের সাধারণ মানুষকে আধুনিক জ্ঞান-বিজ্ঞান-প্রযুক্তিতে শানিত করে তোলা হলে তারাই সম্পদ-ঐক্য ও বিবেক বিনাশী বর্তমান জীবন ধারা বদলে দিতে পারে। ইহি ধানের বিস্তার, পোষাক শিক্ষণ, হালকা প্রকৌশল শিল্পে কৃষক, সাধারণ মেয়ে, কর্মজীবী বালকেরা সৃষ্টি করছে বিস্ময়। একই বিস্ময় কমপিউটারের ক্ষেত্রে সৃষ্টি হতে পারে — যদি স্কুল বহন থেকে কমপিউটারের আশ্রয় জগতে এয়েরে শিশু ও শিক্ষার্থীর অবাধ প্রবেশ ও চর্চায় একটা ক্ষেত্রে সৃষ্টি করা যায়। জনগণের হাতে কমপিউটার চাই — এ ধাৰী নিয়ে মাসিক কমপিউটার জগৎ তার প্রথম জিআস ও অনুসন্ধান প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে উচ্চতর কমপিউটার শাখা শিক্ষণ নিয়োজিত পণ্ডিত, কমপিউটার ব্যবসায় নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের কাছে জানতে চেয়েছে, উন্মুখ জনগণ ও তাদের শিক্ষার্থী সমন্বয়ের হাতে অন্যান্য দেশের মত শিক্ষণ-প্রশিক্ষণের কমপিউটার তুলে দেবার ক্ষেত্রে সরকার, দিশারী পণ্ডিত ও কারবার নিয়োজিত প্রতিষ্ঠানগুলোর ব্যবস্থা-চিন্তার জড়তা, সম্পদের সীমাবদ্ধতা না পছন্দিগত?

সাক্ষাৎকার সংগ্ৰহ করতে গিয়ে 'কমপিউটার জগৎ' দেবতে পেয়েছে, সম্মানজনক ব্যতিক্রম বাদ দিলে কমপিউটার এখন হনীষা, মূলধন ও সংগঠকদের হাতে পড়ছে যারা একদলের মনন ও মানসকে বোঝেন না। একটি কমপিউটার বিক্রয়কারী প্রতিষ্ঠানের কর্মকর্তা খাটি বাঙালী হওয়া সত্ত্বেও বলেছেন, তিনি বাংলা বোঝেন না, বলতেও পারেন না। জনগণের জিআসার মুখা দিয়াছেন অনেক। তবে একটি কোম্পানীর বড় কর্তা স্বাস্থ্যতা এমনি বোধের, সীমধীন খোরসুখি করেও তার সাক্ষাৎকার পাওয়া যায়নি। মন্দের

ডালো, কেউ কেউ বাংলা প্রশ্নের জ্বাব দিয়েছেন পুরোপুরি ইংরেজীতে। দুই লক্ষ পার্শ্বনাল কমপিউটারের দেশ জগতের বাংলাভাষী সাক্ষা পশ্চিমবঙ্গে সেল বছর প্রায় ৭ হাজার পিসি বিক্রি হয়েছে, অথচ পুরোধস্তুর একটা স্বাধীন দেশ ও রাষ্ট্র বাংলাদেশে ১৯৮২ হতে ১৯৯০ পর্যন্ত কমপিউটার সন্তবতঃ ৭ হাজারের বেশী ছাড়াইনি, এর হেতু এ ধরনের মন-মানসও।

ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সর্বভারতীয় সহইবারনেটসিং-এর গবেচনা কেন্দ্র যার তত্ত্বাবধানে পরিচালিত হয়, তাঁর নাম ডঃ অমিতাভ ভট্টাচার্য। ইলেকট্রনিক্স ও কমপিউটারের এক অভাবিত জগতে অচেনা গাওগরামের বালক-বালিকা ও ডানপিটে কিশোরদের টেনে আনার জন্য তাঁরা কারাভী ওয়ার্ক (Carava Work) নামে গ্রামীন প্রকল্প এলেকা গড়ে তুলেছেন। উচ্চপ্রযুক্তির কাফেনা নিয়ে যারা গ্রামে যান, তারা প্রকৃতির সুক মুক্ত মানস, ক্ষিপ্ত চিন্তা ও প্রত্নপন্থমতিতে গড়ে ঝাঁ কলকদের দাঁত মাছা, স্বাঘরচ্ছা, নিরাপদ খাবার পানি সংগ্রহ, কৃষি প্রযুক্তির মত নানা সিকের তাছিল নিয়ে ঘনিষ্ঠ হন — ভারপরেই রেডিও টানকিটের কিংবা টু-ইন-ওয়ান ইত্যাদি মূলে পুনঃসংযোজনের মধ্য দিয়ে এক দুঃস্থ প্রযুক্তির জগতে তাদের প্রায়োগিক ভাবে অভ্যস্ত করে তোলেন। বাংলাদেশের সন্ধ্যাবিহীত পঞ্চম জাতীয় সম্মেল এ কাফেনা কর্মের প্রত্যক অভিজ্ঞতার অধিকারী প্রকৌশলী ও এমপি হিসাবে এখন আধীন আছেন, অতীত হতে সাম্প্রতিককাল পর্যন্ত বেল কয়েকজন বিজ্ঞানীও এদেশে ওজারতি করেছেন, কিন্তু জনগণের কাছে প্রযুক্তির এমন সীক্ষা কিংবা কমপিউটারের মত ডবিযাত্চয়ী হাতিয়ার খাচ্ছে না।

নোবেল পুরস্কার বিজয়ী পদার্থ বিজ্ঞানী ও জ্যেষ্ঠ বিপ্লুর বিজ্ঞান একডেমীর প্রতিষ্ঠাতা প্রফেসর আবদুস সালাম সম্প্রতি 'এশিয়া টেকনোলজি'র সাথে সাক্ষাৎকারে বলেছেন, আজ গরীব দুনিয়ার মূখ ভাগছে ধীরে ধীরে, তারা এই পরম সত্যের নিকট উপনীত হয়েছে যে,

আধুনিক ও অত্যাধুনিক জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি সৃষ্টি, তার উপর প্রভূত্ব অর্জন এবং সর্বাভেদমূখী ব্যবহার দুরাই উন্নয়নশীল দেশ উন্নত দেশের কাছারে শৌভিত্য পারে। এছাড়া, আর কোন স্নীতি-পদ্ধতির অর্থনীতি, আর কোন কাঙ্ক্ষার শাসন, কিংবা আর কোন সাম্প্রতিকতাম ও বিশাসবোধ দিয়ে মূখ ও বিশু জয় করা সন্তব নয়।

কমপিউটারেই ও তথ্য প্রযুক্তির বিপে অজ্ঞ সারা বিশ্বে। আমাদের দেশে টাক ঢোল পিটিয়ে এখানে সেখানে সরকারী দফতরে বড় বড় পদ সৃষ্টি হয়েছে। কমপিউটারের নামে, এসব পদের কর্মকর্তার পারম্পরিক গোপন মুখে এদেশে উলু বড়ের প্রাণ ওঠাংগত। আফলকের অনীয, অজ্ঞতা ও লক্ষ্যহীনতায়ে সমস্যা সমাধান হচ্ছে না, বরং সৃষ্টি করা হচ্ছে নবতর সমস্যা। কমপিউটার কটকটিলের গুটি কয়েক কবিচারী মাইনপেত বহু হয়ে থাকে এ বিধেও ও বিপত্তিতে। কমপিউটার নিয়ে নীতি, স্নীতি, আইন পাশ করার সময় সম্মেল ও বাইরে বড় বড় কথাও বলা হয়েছে। কিন্তু ২ বৎসর আগে সরকার যোগ্য দেওয়া সত্ত্বেও স্কুল কলেজে কমপিউটার শিক্ষার প্রচলন এখনও ঘটেনি। বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে স্কুল-কলেজে কমপিউটার সরবরাহ করার সন্তাবনা ও সুযোগ বিস্তার। কেবল এ পর্যই একটা কমপিউটার প্রধনু গড়ে তোলা যায়, আমাদের মত দেশেও। কিন্তু সে সুযোগ-সন্তাবনা কাজে লাগানোর কেউ নেই। কারন, খালাদেশ আধুনিকায়ন ও প্রযুক্তি বিপ্লুর সম্পাদ করার ক্ষেত্রে আসলেই নেতৃত্বহীন।

যারা আছেন, তারা স্বীয় গণি অতিক্রম করছেন না। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক যবেছেন, কমপিউটার এখন বিশ্ববিদ্যালয়ে সীমিত রাখা উচিত। কারণ, বিচারে বিদ্যাপীঠে শিক্ষক নেই। তবে স্কুলে কমপিউটার সাঙ্করতা ও কলেজে তথ্য প্রযুক্তি শিক্ষা দিতে অবশ্য কারণে আপত্তি নেই। তবে একটা কথা জোর দিয়ে সবারি বলেছেন, বেকারদের ক্ষুধ্ৰুভীতি দেখিয়ে কমপিউটারের ঠেকানো যাবেনা। টাক ব্যবহার করে যদি দেশ উন্নতি লাভ করে, কমপিউটার ব্যবহার দুরাও উন্নতি হবে।

বেশ কয়েকটি কমপিউটার প্রতিষ্ঠানের সাথে কথা বলেছি আমরা। নিয়েছি তাঁদের সাক্ষাৎকার। তাঁদের কথা শ্রুতি, এদেশে কমপিউটার প্রসারের কোন উদ্যমী কর্তৃপক্ষ নেই, কমপিউটার কন্ট্রোল প্রমোটোরের বলল কন্ট্রোলারের অবস্থান নিয়েছে বলে অভিযোগ অনেক। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সংকীর্ণ অধিভোগে আত্মসম্বোধিত করেই ছাপ হুইনি কমপিউটার কন্ট্রোল, প্রতিষ্ঠানটিকে বুদ্ধিমান জনসালটায়ন্টার এখন নিজেদের পরোক্ষ প্রশিক্ষণ ব্যবসার আধাড়া পেতেছেন। ভারতীয় কোম্পানীর সাথে চুক্তি করেছে কনসাল্ট্যান্ট, কিন্তু সেই প্রশিক্ষণ বিক্রির জন্য ব্যবহার করা হচ্ছে কোনওরকমের নাম। কমপিউটার জনপ্রিয় করার কাজে ফরমস্‌ট উদ্যম তাদের নেই। এরা বলেছেন, এদেশে বাজার সীমিত। বাজারকে প্রসারিত করার জন্য কমপিউটার জেনারেশন বা নতুন প্রজন্মকে কমপিউটার জগতে নিয়ে আসার ব্যাপক মিছিল এ এক্ষেত্রে তারল্যের সম্মিলিত অভ্যুত্থান সৃষ্টির কথা কেউ ভাবছেন না। উারা প্রচার, প্রদর্শনী, ক্লাব ও কবিত প্রচিন্তনের মাধ্যমে কমপিউটার ছড়াতে চান, আয়কর ও সশস্ত্র মুক্ত আন্দোলনের দাবী ধরবার।

সিঙ্গাপুরের আসলে কমপিউটার নীতি প্রণয়ন করেছে বাংলাদেশ। কিন্তু প্রয়োগক্ষেত্রে তা সরাসরি শিবিটিকরণের ফলস্বূ ক্রম ছাড়া কিছু দাঁড়ায়নি। আমেরিকার শিল্পিক জনগণের অনুকরণে গড়ে উঠা ভারতের বাঙ্গালোর কমপিউটার নগরীর অভাবিত সাফল্যের পর সে দেশে আরও ৪টি নগরী তৈরী করা হচ্ছে। কমপিউটার তথা মাইক্রোইলেকট্রনিক্স-এর নগরীতে। ভারতের অষ্টম পঞ্চাব্দীকী পরিকল্পনা ১ লক্ষ পিসি ও ৮ লক্ষ মিনি কমপিউটার ছড়িয়ে পড়বে। বিশ্বে রোগ নির্ণয়, শিক্ষা, প্রশিক্ষণ, বিদ্যান চালনা, রিকর্ডেশন, উন্নত কৃষির বীজ-সার-পানির নিয়ন্ত্রণলব্ধক অনুঘ বা সিমুলেশন, যুদ্ধ পরিতালনা, ডিভাইস, তত্ত্ব সত্বেক্ষণ, গবেষণা, ব্যাবিকিং, তথ্য বিনিময়, লাইব্রেরী, মহাকাশ, আবহাওয়া — জীবন ও জগতের সবকিছুই কমপিউটারের স্বষ্টি, বুদ্ধি, বিশ্লেষণ শক্তির মধ্যে ঠাই নেবে। এ বিরাট কাছ সম্পন্ন করতে গিয়ে ২০০০ সনে কমপিউটার ১ সফটওয়্যার ও সেবার বিনুবাছার দাঁড়বে ১ ট্রিলিয়ন ডলারের, এখন এ বাজার প্রায় ৫০,০০০ কোটি ডলারের। এ ব্যাপক বাজারের ভূয়স্বেণ্ড বিরাট সংখ্যক মানুষের কর্মক্ষেত্র, জীবন, জীবিকা ও ভবিষ্যত নিশ্চিত করতে পারে। ভারত ১৯৮৫তে সফটওয়্যার রপ্তানী করে ৪২ কোটি রপীর্। ১৯৯০ সনে তা ১৫০ কোটি রপীর্

উন্নীত হয়েছে। কয়েক বৎসরের মধ্যে তা ১২ গুণ বৃদ্ধির তরায় অবতীর্ণ হয়েছে ভারত। অথচ বাংলাদেশে কমপিউটার সীমিত হয়ে আছে কিছু মানুষের মধ্যে, জীবন ও জীবিকার প্রাচণ্ড তালিদ ও দাবীর সাথে কমপিউটার যুক্ত হচ্ছে না। এ জড়তা ও সীমাবদ্ধতা ভাঙবার জন্য সরকারের রাজনৈতিক সংকল্প, প্রশাসনের অস্বীকার, নিগামী পণ্ডিতদের ঐকান্তিক সাধনা, অগ্রণী ব্যবসায়িক প্রতিষ্ঠান, সংস্থা ও শিক্ষাপ্রতিষ্ঠান সমূহের সম্মিলিত campaign বা একটানা কার্যক্রম দরকার। কিন্তু বিদ্যমান সাহায সম্পদ, মেধা ও চাহিদাকে যুক্ত করে একটা সুন্দর প্রসারী কর্মসূচী সূত্রপাত করার জন্য কারো তালিদ নেই। এক্ষেত্রে যোগাযোগ সৃষ্টি ও চিন্তা-ভাবনা শুরু করার জন্য কমপিউটার জগৎ অস্বীকার নিয়েছে। কমপিউটার জগতের নানা ক্ষেত্রে, বিশেষ করে বাসিন্দা যারা আহে, তাদেরকে স্ব-ব অবস্থান থেকে অভিনু সমসয়ার প্রশ্নে কথা বলতে ও সমস্যা নিয়ে ভাবতে আগ্রহী করে তোলা এবং ব্যাপক জনগণকে তা অবহিত করার জন্য কমপিউটার জগৎ-এর পক্ষে হুইয়া ইনাম লেনিন সাফাৎকারগুলো নিয়েছেন। এ সংখ্যায় পাঠকরা অনেকটা ধ্রুপদভাবে জা পড়তে পারবেন। সমস্যা নিসনে এ চিন্তন-প্রণালীতে আমাদের পাঠককুল ও কমপিউটার কুলীরাও যুক্ত হতে পারেন। তাঁদের জীবনা ও পরামর্শ লিখিত ভাবে পেলে কমপিউটার জগৎ পরবর্তী সংখ্যায় তা ভুল ধরতে চেষ্টা করবে। এ প্রচেষ্টা আসলে সমস্যাকে সম্মনে ত্রেষে একটা ঐক্যমতের সম্মানে আলোকিত সৃষ্টির প্রক্রিয়া। প্রবল তালিদ সৃষ্টি না হলে এদেশে আসলেই কিছু হয় না।

জনগণের হাতে কমপিউটার পৌঁছে দেয়া এবং বাংলাদেশকে ব্যাপকভাবে কমপিউটার জগতে সালিক করার জন্য সরকার আমাদের। এ আমাদের সফল হলে গার্বেন্টার কাহিন্যের মত ব্যাপক কর্মসূচ্যানের সফটওয়্যার ও কমপিউটার সংখ্যায়নি সিল্প গড়ে উঠতে পারে এদেশে — যাতে ছাত্রা স্বকায় শিক্ষিত নিম্বিবিত ও মধ্যবিত্ত শিক্ষিত নারী পুরুষ ইচ্ছে পেতে পারে সৃষ্টিমূল জীবন ও জীবিকা। এ শিল্পের সফটওয়্যার শাখায় বাংলাদেশের মত জনশক্তির দেশে সম্ভাবনা অফুরন্ত। সফটওয়্যার তৈরী ও রপ্তানীর মাধ্যমে এদেশের মেধা বুদ্ধি ও শ্রমিক বিশ্বেসভ্যায় যুক্ত করতে পারি আমরা। সে সাথে অভাবিত পরিমানে বৈদেশিক মুদ্রা অর্জনের পাশাপাশি বিদ্যুজ্বী প্রযুক্তিতে দক্ষ হয়ে উঠতে পারে আমাদের দেশ। এমন একটা শিল্পের ভিত্তি স্থাপিত হতে পারে জনশক্তি তৈরীর মাধ্যমে। সেছানা ই স্কুল, কলেজ, ক্লাবে কমপিউটার চাই আমরা।

বে প্রশংসনো নিয়ো আমরা বাজির ব্রোহালান

- ১। অন্যান্য দেশের মত আমাদের দেশেও কমপিউটার বিক্রেতার। শিক্ষা প্রতিষ্ঠান-সমূহে বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে কমপিউটার সরবরাহ করলে তা দেশে কমপিউটারায়নে এবং কমপিউটার শিক্ষায় যথেষ্ট প্রভাব ফেলবে বলে আমরা মনে করি। এ ব্যাপারে আপনার মতামত ব্যক্ত করুন।
- ২। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিকল্প বা গ্রামিন ব্যাকের মত গ্রুপ ভিত্তিক কণ সুবিধাসহ কমপিউটার সরবরাহ করলে তা জনসাধারণ ও ছাত্র-ছাত্রীদের তথ্য প্রযুক্তিতে আগ্রহী করবে। এ বিষয়ে আপনার মতামত কি?
- ৩। বাংলাদেশ কমপিউটার কন্ট্রোলারের বর্তমান কার্যক্রম সমূহে আপনার মতামত কি? এর কর্মকাণ্ড আরও প্রসারিত করা উচিত কি না?
- ৪। বিলুপ্ততার সেরা এবং দেশে কমপিউটার তৈরী বা সংযোজনের অবস্থা ও সম্ভাবনা সম্পর্কে কিছু বলুন।
- ৫। কমপিউটার শিক্ষা ও কমপিউটারায়নে অন্যান্য দেশের তুলনায় আমরা অনেক পিছিয়ে আছি। এর জন্য কেন? কেন? ফাউন্ডার দাবী বলে মনে করেন? প্রতিকারের জন্য আপনার কোন প্রকল্প/পরিচালনা/সুপারিশমূলক পদ্ধতি (suggestive approach) থাকলে বলুন।
- ৬। অতীতের সিল্প ও প্রযুক্তি বিপ্লবে যোগ না দিয়ে আমাদের পূর্ব পুরুষেরা তার ফলাফল থেকে আমাদের বঞ্চিত করেছে। কমপিউটার প্রচলনের ফলে বিনুদ্যাপী যে শুণ্ড বিপ্লব ঘটছে তাতে যোগ দানে আমাদের কোনরূপ প্রযুক্তিবৃত বাধা নেই। মেধা ও দক্ষ জনশক্তি থাকতেও এ বিপ্লবে যোগ না দিলে ভবিষ্যৎ প্রজন্মকে এর সুফল থেকে বঞ্চিত করার দায় আমরা কি দাবী থাকবে না?

এ প্রশংসার ভিত্তিতে আগ্রহী
যেকোন পাঠক বা যখন প্রতিষ্ঠান
আমাদের সৃষ্টিভিত্তিক বক্তব্য নিয়ে
পাঠালে কমপিউটার জগৎ জ
একান করার চেষ্টা করবো।



উরোপ, আমেরিকা এবং জাপানের কয়েকটি বৃহৎকার কমপিউটার কোম্পানী কিছু educational discount দিয়ে থাকে। নিশ্চয়ই এতে এই সমস্ত প্রতিষ্ঠান এবং ছাত্রগণ বিশেষভাবে উপকৃত হন। আমরা অত্যন্ত বৃশী হতাশ যদি আমরাও ঐরূপ সুবিধা নিতে পারতাম। আসলে আমাদের দেশে এত সহস্রা হলে কমপিউটার কোম্পানীগুলো এত ছোটে যে সাধারণভাবে তাদের এই ব্যাপারে অবদান রাখার অবকাশ অত্যন্ত সীমিত। তা সত্ত্বেও আমরা শিক্ষার্থীর প্রতি একটু বেশী নমনীয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আমরা হাসকৃত মূল্যে কমপিউটার সরবরাহ করে থাকি। আমাদের দেশে কিছু কিছু প্রতিষ্ঠান বিভিন্ন সাহায্য সংস্থা থেকেও অনুদান হিসাবে কমপিউটার পেয়ে থাকে এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বিশেষ ভ্রম ব্যবস্থায় কর অর্থাহতি পেয়ে থাকে। এই প্রকার ভ্রমের ব্যাপারে দুটিভণি বাস্তবভিত্তিক হলে সীমিত ব্যয়ের মধ্যেও আরও বেশী উপকৃত হওয়া যায়।

কোন ব্যক্তি বা অন্য কোন অর্থ স্রাী প্রতিষ্ঠান যদি সোনালী ব্যাকের "বিস্কম্প" ব্যবস্থার মত ঋণ সুবিধা দেয় সে ক্ষেত্রে আমাদের সহযোগিতা করার যথেষ্ট সুযোগ আছে। গ্রামীণ ব্যকেও যদি গ্রুপ ভিত্তিক ঋণ সুবিধা দেয় সেক্ষেত্রেও আমরা সহযোগিতা করতে রাজী আছি। আর তা যদি ছাত্র/ছাত্রীদের জন্য হয়, তবে অস্বাভি discount দেবো।

বিগত ৭/৮ বৎসর ধরে সরকার বাংলাদেশে কমপিউটার প্রচলন ব্যক্তির জন্য নানা রকম প্রয়াস রেখেছেন। তার ব্যাপ্তা শুরু হয়ে ১৯৮০ সালের উচ্চ ক্ষমতা সম্পন্ন ন্যাশনাল কমপিউটার কমিটির মাধ্যমে। পরে সরকার একজন সার্বজনিক পরিচালকের সমন্বয়ে এটাকে ন্যাশনাল কমপিউটার বোর্ড নামে পূর্ণগঠিত করেন। বর্তমানে যা আবার বাংলাদেশ কমপিউটার কাউন্সিল (বি সি সি) নামে পরিচিত হয়েছে। এই প্রতিষ্ঠান বাংলাদেশে ব্যাপক কমপিউটার ব্যবহারের উদ্যোগ নিয়ে গঠিত হয়। তবে অবস্থাদৃষ্টে মত হয়, আমাদের দেশের অন্যান্য প্রতিষ্ঠানের মত, বাংলাদেশ কমপিউটার কাউন্সিলও সম্প্রসারণ কাজের চেয়ে regulatory কাজের দিকে বেশী অঙ্গসক্ত। আমরা যদি পাচাত্যের উন্নত দেশগুলির অর্থনৈতিক বিকাশের ইতিহাস পর্যালোচনা করি অথবা এনেকি গ্রাটোয় জাপান, দক্ষিণ কোরিয়া, হংকং, তাইওয়ান বা সিঙ্গাপুর-এর দিকে তাকাই

তা হলে বুঝতে পারব ঐ সমস্ত দেশের উন্নতির অন্যতম কারণ হলো মুক্ত অর্থনীতি। এর ফল প্রস্তুত যে কত অর্থায় তার প্রমাণ ইরানীর কালের সোভিয়েট রাশিয়া এবং পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক দেশ গুলোয় সেক্ষেত্র মুক্ত অর্থনীতি গ্রহণ করার মধ্যে মিলে। যেহে দেওয়া ব্যবস্থা যে কর্তৃত্ব কৃতিকর হতে পারে তার উচ্ছল প্রমাণ মিলে পূর্ব জার্মানীর আর্থনৈতিক দৌলিগাণ্যায়। পূর্ব জার্মানী পশ্চিম জার্মানীর তুলনায় অনেক পশাদপদ হয়ে যাওয়ার অন্যতম কারণ over regulated economic-এর



এম এন ইসলাম
ব্যবস্থাপন পরিচালক
মেল্লো লিমিটেড
বালোবেলে ইংলন্ড, ক্যানন,
ভারব্যাটিং, পাণ্ডাঘাটসিঙ্ক,
স্যাফল্ড - এর একেট/ সেল
ডিষ্ট্রিবিউটর।

রাজনৈতিক ব্যবস্থা। আমি ব্যক্তিগতভাবে মনে করি, "বিসিসির প্রধান ভূমিকা কমপিউটার শিক্ষা প্রসারণে সীমাবদ্ধ থাকা উচিত। সম্ভবতী তারা কমপিউটার টেনিয়ারে যে ব্যবস্থা নিয়েছেন তা প্রসারনীয়। এ কাছটা যদি সুষ্ঠু এবং ব্যাপক ভাবে করা যায় তাহলে তারা একটা সত্যিকার জাল অবদান রাখবেন। আমি আশা রাখব সাধারণ ভাবে কমপিউটার শিক্ষা প্রসারেও তারা অগ্রাী ভূমিকা পালন করবেন।

কমপিউটার কডিগুলির বেধে দেওয়া নিয়ম কানুনের বিপকতা করায় অন্যতম কারণ হলো কমপিউটার জগতে নতুন উদ্ভাবন, পরিবর্তন এবং obsolescence এত ব্যাপক, দ্রুত এবং সুদূর প্রসারী যে ইউরোপ, আমেরিকার অনেক multi-billion dollar কমপিউটার এর সাথে ভাল সম্বন্ধাতে না পেরে দেওলিগা হয়ে যাচ্ছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে কেন্দ্র প্রত্যয় নিয়ে বাংলাদেশের মত অনূন্নত দেশে আমরা রেগুশেশন করে obsolescence থেকে মুক্ত থাকতে পারব যা নতুন উদ্ভাবন বা পরিবর্তন, পরিবর্তনের সাথে ভাল মিলাতে পারবে। পার্শ্ববর্তী ভারতে গ্রাণ চফাল Maruti'র কাছে স্থবীর Ambassador ও Premier গাড়ীর মার যাওয়ার করণ ইতিহাস আমাদের অন্তরান নয়।

বিজ্ঞানজ্ঞতার সেকার ব্যাপারে মাসের দিক থেকে আমরা যথেষ্ট উন্নত। আমাদের কোম্পানীর প্রায় ৮০ জন কর্মচারীর অর্ধেকই সেবা কাজে

নিয়োজিত সার্ভিস ইঞ্জিনিয়ার এবং জোগ্রামার। এই একটা পরিসংখানের মাধ্যমে যেহা যা বিদ্যেয়াকর সেবাকে আমরা কর্তৃত্ব গুরুত্ব দিয়ে থাকি। বিন্যাস পরিবহন ও বিতরণ, গ্যাস বিতরণ, বিমান সার্ভিসের মত utility গুলো যদি ব্যয় বহুল এবং উচ্চ শক্তি সম্পন্ন কমপিউটারের মাধ্যমে সেবা প্রদান করতে চায়, সেক্ষেত্রে ছুটির দিনসহ দিনরাত ২৪ ঘণ্টা বিদ্যেয়াকর গ্রাহক সেবা দেয়া অত্যন্ত প্রয়োজনীয়।

কমপিউটার সংযোগের বা তৈরীতে মূল্য

উদ্যোগ হলো Value add করা। যতক্ষণ পর্যন্ত Value add না হচ্ছে ততক্ষণ কমপিউটার সংযোগে তেমন গুরুত্ব দেওয়া প্রয়োজন আছে বলে আমি মনে করি না।

এটা একান্ত সত্য কথা যে কমপিউটার শিক্ষা তথা প্রযুক্তিতে অন্যান্য দেশের তুলনায় আমরা অনেক পিছিয়ে আছি। অনূন্নত দেশ হিসাবে কমপিউটার শিক্ষা এবং প্রযুক্তিতে আমাদের পিছিয়ে পড়া অস্বাভাবিক নয়। কিন্তু এটা অত্যন্ত

পরিভ্রমণে বিষয় যে, এ ব্যাপারে তেমন কোন পদক্ষেপ আমাদের সরকারের তরফে নেই এবং বিশ্ববিদ্যালয়গুলো নিতে পারেনি। অতি সম্ভবতী বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি কমপিউটারে স্নাতক পর্যায়ে শিক্ষাদানের ব্যবস্থা করেছে। তারও আগে অবশ্য একই ইউনিভার্সিটি স্নাতকোত্তর কমপিউটার শিক্ষার প্রবর্তন করেন। এই উদ্যোগ সময় উপযোগী। তবে সত্যিকার অর্থে কেউ যদি কমপিউটার শিক্ষার প্রসারে বাংলাদেশে অবদান রাখতে থাকেন, তারা হলেন শহর, কনরে, অর্থিক শিক্তি অথচ অদিক সুবক মুবতীর জন্য কমপিউটার পরিচালনায পারদর্শী হওয়ার দূর উদ্যোগিত হুয়েছে। পরবর্তী কালে বাংলাদেশের কমপিউটার ব্যবহারের তারাই বেশী জাল মূল্য ভূমিকা পালন করবেহন।

এই প্রসঙ্গে আমরা মতে কমপিউটার শিক্ষায় স্নাতক ডিগ্রির যেমন প্রয়োজন আছে, তার চেয়েও বেশী প্রয়োজন হলো স্বপ্ন দেখাী শিক্ষা; যেমন দুই বা তিন বৎসরের ডিপ্লোমা কোর্স। আমাদের বিশেষ মেধাশ গরাভে হলে যে এটা প্রয়োগ ভিত্তিক ব্যবহারিক শিক্ষা। এই

শিকা ছেলেমেয়েদেরকে এমনভাবে দিতে হবে যেন শিকা সমাপনের পর তারা কাঙ্ক্ষার চাহিদার যোগান দিতে পারে। এই চাহিদার বিশাল অংশ হলো অল্প পিঙ্কিত, কিন্তু হাতে কলমে কাজ জানা লোকের। এই রকম vocational ট্রেনিংয়ের পাশপাশি প্রাথমিক ভাবে অল্প সংখ্যক স্কুলে এবং কলেজে সাধারণ শিক্ষার সাথে কমপিউটার শিক্ষারও ব্যবস্থা রাখা অত্যন্ত প্রয়োজন।

দেশের রাজনৈতিক স্থিতিশীলতা থাকলে কমপিউটার প্রচলন ধীরে ধীরে বৃদ্ধি পাবে। এ সমৃদ্ধি কোনও দেশেই নাই। আমাদের দেশের একটা সৌভাগ্য হলো বাংলাদেশের একটা অংশ খোঁটামুটি ভাবে মুক্ত মনের অধিকারী। পোশাক পিন্ধের প্রসারের ব্যাপারে আমরা দেখেছি এই যুক্তমন কি সুদূর প্রসারী ভূমিকা পালন করেছে। কমপিউটার ব্যবহারেও আমরা তারই নমুনা দেখতে পাই। ১৯৮৩ সালের যেখানে হাতে গণা কয়েকটি মাইক্রো কমপিউটার নিয়ে আমাদের যাত্রা শুরু হয়েছিল, সেখানে আজকে বাংলাদেশে আমার অনুমান মতে প্রায় ৭০০০/৮০০০ মাইক্রো কমপিউটার ব্যবহার হচ্ছে। এই সংখ্যা ভারতের ২,০০,০০০ এর তুলনায় আনুশািতিক হারে কম হলেও হফত একদিন আনুশািতিক হারে ভারতেরও আমরা ছাড়িয়ে যাবে। এই সাফল্যের দাবিদার হতে পারে দেশের কমপিউটার vendor গুলো, উৎসাহী কমপিউটার ব্যবহারকারী এবং সর্বেপরি সরকারের উদার আর্থদানী ও শুল্ক নীতি।

কমপিউটার প্রচলনে বিশ্বেশ্যাপী যে বিপ্লব ঘটছে তাতে আমরা কিছুতেই উদাসীন থাকতে পারি না। উদাসীনতা আমাদের জন্য শুধু সর্বনাশই ডেকে আনবে। বর্তমানে আমাদের জন্য একান্ত প্রয়োজনীয় হচ্ছে সমাজের সর্বস্তরের কমপিউটার প্রচলনে মাধ্যমে এই প্রযুক্তির থেকে সর্বোত্তমভাবে ফায়দা আহরণ করা। আমরা যারা অল্পমত বিশ্বে আছি, বর্তমানে তাদের একটা সুবিধা হলো প্রযুক্তিতে leap frog করা, অর্থাৎ "কমিছু প্রযুক্তি"র পাশ কাটিয়ে "চলমান প্রযুক্তি"র পিছনে দ্রুত গতিতে ধাবিত হওয়া। বহিঃবিশ্বের সাথে সার্বজনিক যোগাযোগ রক্ষা করা। সদা সচেতনতা এই অভিত লক্ষ্যে কোম্পানির অন্যতম পূর্বশর্ত। একবিশে শতাব্দীর সূত্রান্তরে এসে কমপিউটার প্রযুক্তির সত্যিকার সত্ত্বাবহারের মাধ্যমেই আমাদের অর্থনৈতিক সদ্ভি সম্ভব। ■



মণের মতো তৃতীয় বিশ্বের দরিদ্র দেশগুলোর শিক্ষা প্রতিষ্ঠানের জন্য দরকার কমপিউটার বিনামূল্যে দেয়া। উপাদানকার নিম্ন নিম্ন দেশে কমপিউটার বিনামূল্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দিয়ে থাকেন। আমরা যতটুকু সম্ভব দিয়েছি।

তবে আমাদের উপাদানকদের কাছে আমাদের প্রস্তাব আছে এদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে কমপিউটার দেয়ার জন্য। কারণ এই প্রযুক্তি যে কোন ভাবেই হোক না কেন, আমাদের গ্রহণ করতেই হবে।

তাছাড়া ২-৩ বছর আগে যখন আমার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে কমপিউটার দিব বলে সিদ্ধান্ত নেই, তখন তারা এটা নেয়ার জন্য তৈরী ছিল না। আমরা সেগুলো বিভিন্ন সেবামূলক বেসরকারী প্রতিষ্ঠানে দিয়েছি। Save the Childrens, RDRS, CARE — এই ধরনের সেবামূলক প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত রয়েছে। ঐ সময়ে এদেশের কোন শিক্ষা প্রতিষ্ঠানেই কমপিউটার বিষয়ক শিক্ষা শুরু হয়নি। তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডঃ হানস্কার রুশিন এবং অন্যান্যদেরও বলেছি। তারা বড় বড় কমপিউটার আনবে বলে আমাদেরটা মনেই। মাইক্রোল বিশ্ববিদ্যালয়ের ডঃ মাহবুব, ও ডঃ হকিবুর রহমান-এর সাথেও আলপ হয়েছিল। তখন এটা যাত্র বিভাগটি খোলার ব্যাপারে চিন্তাভাবনা করছেন — তাই তারা কোন কমপিউটার দেয়ার জন্য তৈরী ছিলেন না। গত দেড় বছর ধরে আমরা চেষ্টা করছি এখনও বড় কমপিউটার দেয়ার জন্য। এখন UNICEF দেয়ার কথাবার্তা হচ্ছে। এটা সম্পূর্ণ বিনামূল্যে দেয়া হবে। এ ব্যাপারে আমাদের মূল কোম্পানী বুই সদিচ্ছ দেখিয়েছে।

ব্যাক বা সরকারী মাধ্যমে বেকার পিঙ্কিত ছাত্রের কমপিউটার নিতে চাইলে আমরা গণ সেবা। এইভাবে কমপিউটার শিক্ষার হার অনেক বাড়বে বলে আমার ধারণা।

বিসিসি সম্পর্কে বলতে গেলে এর ইতিহাস বলা দরকার। এটা সিসাপুর ন্যাশনাল কমপিউটার বোর্ড এর আওলে গঠন করা হয়। আমি সিসাপুর থেকে কাগজপত্র এনে তাঁদের সিসাপুর এন সি আর-এর সফটওয়্যার ম্যানেজারকে এনে এর কাজ করিয়েছি। সেনা-

রেল মুনএম তখন এর প্রধান ছিলেন। সিসাপুরের মডেল ছিল স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সঙ্কোচ। ঐ গাইডেই ছিল সরকারী নিয়ম কানুন। কিন্তু বিসিসি এখন সেভাবেও এগুতে পারছে না। মন হয়ে বিসিসি কংক্রিটেরি বড় করে দেখছে। অবশ্য এর কারণও আছে। কিছু বড় বড় কোম্পানী সরকারের কাছে কোটি কোটি



আফতাব উল ইসলাম
কবি ম্যানেজার

এন সি আর কর্পোরেশন
বাংলাদেশ এন সি আর এর
সোল ডিরেক্টিভর।

টাকার কমপিউটার বিক্রি করে বিক্রেতায়ত্তর সেবা দেয়নি। অনেক বড় বড় কমপিউটার অব্যবহৃত আছে। কারণ ঐগুলো ব্যক্তি মডেল। এটা দেখেই বিসিসি কংক্রিটেরি করছে। তা না হলে প্রাথমিক পর্যায়ে ব্যক্তি কমপিউটার এদেশে বিক্রি করা হবে — কারণ আমরা কম জানি।

তাছাড়া কমপিউটারের গঠন প্রযুক্তি যথেষ্টভাবে না জ্ঞানে প্রতারণিত হবার সম্ভাবনাই বেশী। একারণেই বিসিসি হয়েছে কংক্রিটেরি করতে চায়।

কাটমস, জাতীয় রাজস্ব বোর্ড-এর লোকদের আগে কমপিউটার শিক্ষা দেয়া উচিত। ভারতের মতো কমপিউটার শিক্ষা তুলমূল পর্যায় থেকে না হলে কোন মডেল দেখে কমপিউটার শিক্ষার প্রসার ঘটবে না। এ জন্য বিসিসি ও জাতীয় শিকারমত ও পাঠ্যপুস্তক বোর্ড থেকে এটা কাজ করা দরকার। ক্লাস কাইড নিম্ন একশ্রেণী মূলক করা দরকার। এখনই। আমরা ইতিমধ্যেই যথেষ্ট পিছিয়ে পড়েছি। এই শিক্ষার অভাবে ইতিমধ্যে সরকারী/আর সরকারী অফিসে কমপিউটার এর প্রচলন হচ্ছে না। এজন্য বিসিসির এখনই অতি দ্রুত কাজে নামতে হবে। ভারত বিশ্বে সবচেয়ে বেশী সফটওয়্যার রপ্তানীর পরিকল্পনা করছে। সেখানে কমপিউটার তৈরী বহু কারখানাও হচ্ছে। তবে এটা হচ্ছে বহু ত্যাসের বিনিময়ে। ওরা প্রথমে সাব কন্সট্রিট দিয়েছে। এটা আমাদের দেশের গার্মেন্টস ইণ্ডাস্ট্রির মতো। আমাদের কোন ইনভেস্টমেন্ট নেই। সংযোজন করতে হলে যাক টু যাক এনসিতে এগুতে হবে। সব ওরই দেবে, আমরা শুধু সংযোজন করবো। তাতে সময়ও কম লাগবে। এ ব্যাপারে বিশেষ বিসিসি ফেলা করতে পারে। সরকারকে আগে সক্রিয় হতে হবে।

তাইওয়ান বা হকং-এর ঘরে ঘরে কুটি শিক্ষণের মতো আখ্যায়িক এগুতে হবে। শুমুখাও এভাবেই এদেশের ২/৩ টি কোম্পানী ডিসিপি, ফ্যাক, কমপিউটার সংযোজন করে রাশিয়ায় রপ্তানী করেছে। এটা শুমুখার স্কু-আইভার এর কাজ। এখানে শুমু সংযোজন শুরু করা এখনই সম্ভব। কারণ আমরা নিজেস্বরূপ পরীক্ষা করে দেখেছি হকং এর দক্ষ ও অভিজ্ঞ শ্রমিকদের তুলনায় আমাদের শ্রমিকরা দ্রুত সংযোজন করতে পারেন। এখানে মেধা ও দক্ষতা দুইটি আছে। বিসিপি এবং সরকারের এ ব্যাপারে দ্রুত এগিয়ে আসা সরকার। তবে আমাদের কোন প্লান নেই। ডকিউমেন্ট হাতে পারে। আমরা প্রত্যেক সময় নিয়মিত ডাটা আমাদের হাটার কোম্পানীকে দিয়ে যাই। আমরা উৎপাদন ঘরত নিয়ে দক্ষিণ কোরিয়ার সাথে একটা তুলনামূলক সার্ভে করেছিলাম। এতে দেখা গেছে দক্ষিণ কোরিয়ার উৎপাদন ব্যর (asscmbling) আমাদের থেকে ৩ গুণ বেশী।

আমাদের বিবরণত ২৪ ঘণ্টা বিরয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা আছে। এমনকি ছুটির দিনেও। আমাদের প্রোজেক্ট ঘারা নিয়েছে তারা সার্ভিস ইঞ্জিনিয়ারকে ফোন করে প্রয়োজনের সাথে সাথে বিরয়োত্তর সেবা পেতে পারেন। আমাদের নিয়মই হলো কোন প্রোজেক্ট অসুবিধা দেখা দিলে তা ল্যাব-এ নিয়ে আসার আগে ওখানে অন্য একটা ভালো যন্ত্র স্থাপন করে আসা। এছাড়াও আমাদের মূল কোম্পানী যখন কোন মডেল পাঠায় সাথে সাথে খুচরা যন্ত্রাংশ ও পাঠায়। বিভিন্ন দেশে আমাদের trouble shooter আছে; যে কোন বড় অসুবিধা সৃষ্টি হলে তারা সমাধান দেন। মেটা কথা যে কোন এন সি আর সামগ্রী অচল হওয়ার সংকল্পিতম সময়ের মধ্যে আবার সরল হয়ে উঠে। ব্যাক, আন্তর্জাতিক স্টেটেল-এর মতো বাস্তব প্রতিষ্ঠানও আমাদের সার্ভিসে সম্ভব।

আমরা আগে যারা শুমু আমাদের কমপিউটার কিনতো তাদেরই ট্রেনিং দিতাম। আমরাই ছুঁ মাস থেকে ব্যাপকভিত্তিক সাধারণের জন্যও ট্রেনিং-এর ব্যবস্থা করতে যাই।

দেশে এখন যে ধরণের কমপিউটার ট্রেনিং সেটার আছে তারা কি যান ধরে শিক্ষা দেয় জানি না। তবে বিভিন্ন সময় আমাদের কাছে চাকরীর জন্য অনেকে এসেছে — আমরা তাদের কমপিউটার শিক্ষার মান দেখে হতাশ হয়েছি।

আমার মনে হচ্ছে দেশে এখন যে কমপিউটারমান হচ্ছে তা সঠিক পদ্ধতিতে হচ্ছে না। ব্যাকে, কাটমস এ লাতীয় প্রতিষ্ঠানের কমপিউটারমান পাইলট প্রজেক্ট দেয়া উচিত বলে আমরা মনে করি।



লাদেলে কমপিউটার শিক্ষার প্রসারের সরকারের উদ্যোগের অভাব নেই। আছে অর্থ ব্যরাকের এবং সঠিক উদ্যোগের অভাব। যেমন, ২/৩ বছর আগে একজন মন্ত্রী যোগনা দেন যে, স্কুল পর্যায়ের কমপিউটার শিক্ষা দেয়া হবে। সে ব্যাপারে সরকার কিছু কাজও করেছে, যেমন সিলেবাস তৈরী ইত্যাদি। কিন্তু, আমরা মনে হয় প্রথমত সরকার একটি নেটওয়ার্ক তৈরী করা।

কোন স্কুলে সিলেবাস আর কমপিউটার পাঠিয়ে দিলেই শিক্ষা হবে না। একজন দরকার শিক্ষক প্রশিক্ষণ — যার প্রস্তাব আমরা ২ বছর আগেই দিয়েছি। এখনও কোন উত্তর পাইনি। অথচ সরকার প্রতি বছরই চেষ্টা করছে তার পরের বছর থেকেই স্কুলে কমপিউটার শিক্ষা দিতে — যা শিক্ষক প্রশিক্ষণ ছাড়া কোন মতেই সম্ভব নয়। সরকার বলেছে দশম শ্রেণী থেকে শুরু করতে। কিন্তু আমরা মনে হয় সরকারের উচিত এখনই নিম্ন পর্যায়ের না গিয়ে প্রথমে বিশ্ববিদ্যালয়, তারপর কলেজে, স্কুলের দশম শ্রেণী, এ ভাবে এগুনা। সরকার উদ্যোগ যতটা পদ্ধতিগতভাবে আসা উচিত ছিল, ততটা হয় নি।

কমপিউটার শিক্ষা বা কমপিউটারমানের জন্য পদ্ধতিগত জাবে এগুতো হবে। যেমন, প্রথম শ্রেণীতে কমপিউটার শিক্ষার দরকার নেই। ওখানে শুমু প্রশর্শন করলেই চলবে। বা বড় ছোঁর পাঠসময়তে এভাবে শুরু করা যায়, যে ক'তে কলম, ক'তে কমপিউটার। হয়তো পয়সার অভাবে এখনই কমপিউটার প্রশর্শন সম্ভব নয় কিন্তু কমপিউটারের ছবি দেখানো যেতে পারে। তারপর ২/৩ ক্লাস পর ভালো হলো কমপিউটারের ওপর একটি রুনা লিখ। এভাবে স্কুল পর্যায়ের কমপিউটার সাধারণের প্রশর্শন ঘটিয়ে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষা — তথ্য প্রযুক্তির শিক্ষা দেয়া যেতে পারে। স্কুল পর্যায়ের কমপিউটার দেখানোরও দরকার নেই। কমপিউটার কি কি কাজ করে, তার কাজের পরিধি কতটুকু, এতে কত মকমের ডিজাইন করা যায়, হিসাব পর রাখা যায় ইত্যাদিই প্রথমে শেখানো যেতে পারে। কারণ সমস্ত স্কুলে কমপিউটার দেয়া এখনই সম্ভব নয়।

সফটওয়্যার রপ্তানীর জন্য আমাদের নিজস্ব জনশক্তি এখন যা আছে তা নিয়ে ছোটজায়ে রপ্তানী শুরু করা যাবে। বিরাট আকারে করতে হলে এখনই সম্ভব নয়। কিছু কিছু সফটওয়্যার

আমরা এখনই রপ্তানী করতে পারি। কিন্তু কে কিনবে? কে জানে যে আমাদের দেশে সফটওয়্যার তৈরী হচ্ছে? বহির্বিশ্বের সবার ধারণা বাংলাদেশ পরীবেশ, যেতে পারনা। সেখানে যে সফটওয়্যার তৈরী হয় এবং সেগুলো রপ্তানীযোগ্য তা কে জানে? বেসরকারী পর্যায়ের বহির্বিশ্ব ব্যাপক গণসংযোগ করে এটা করা যাবে না। কিন্তু



ডঃ সৈয়দ মাহবুব রহমান
বিভাগীয় প্রধান,
কমপিউটার সেন্টার এন্ড
ইঞ্জিনিয়ারিং বিভাগ।
প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সরকারী পর্যায়ের সম্ভব। সেটা প্রথমত প্রোগ্রামের মাধ্যমে। তারপর প্রয়োজন বাজার বোঁজা এবং সেই মত সরবরাহ করা। এ জন্য প্রাথমিক পর্যায়ের চাহিদা যক্ষিক কিছু প্রশর্শনীও প্রয়োজন হবে। সে জন্য দেশের ভেতরে সরকারী পর্যায়ের কিছু সফটওয়্যার তৈরী করতে হবে। আমাদের দেশে মেথার কোন অভাব নেই।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে কমপিউটার বিষয়ে তার মান অনুযায়ীই শিক্ষা দেয়া হয়। এটা খুব বেশী উচ্চ মানের ডাব্বিক শিক্ষাও নয় অথবা পুরোপুরি ব্যবহারভিত্তিক ও নয়। মাঝমাঝি ধরনের। এখন থেকে একজন ছাত্র B.Sc ইঞ্জিনিয়ারিং ট্রেনিং নিয়ে বের হয়।

কমপিউটারে সাধারণ ট্রেনিংও দেয়া হয় এখানে। সরকারী বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মচারীদের ট্রেনিং দেয়া হয়। তা ছাড়া শিক্ষকদের প্রস্তাব দেয়া হয়েছে যে, স্কুলের সারকারের ট্রেনিংও এখানে দেয়া যেতে পারে। প্রথমে ১৪টি স্কুলের শিক্ষকদের ট্রেনিং দেয়ার প্রস্তাব দেয়া হয়। কিন্তু সরকার মীরব। আমরা সব সময় তৈরী, যে কোন সাহায্য সহযোগীতার জন্য। কিন্তু সরকার বা অ্যান্যানদেরও তা এগুতে হবে? বিসিপি আমাদের সহযোগীতা চাইলে আমরা তা সব সময় দেবো।

‘বিকম্প’ ধরনের কোন প্রকল্প গ্রহণ করলে খুবই ভাল হয়। ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলোকে প্রকৌশল বিশ্ববিদ্যালয় এ ব্যাপারে শিক্ষকদের মাধ্যমে সাহায্য করতে পারে। এ ব্যাপারে বিশেষজ্ঞদের একটি প্যানেল তৈরী করতে হবে। এই প্যানেলের সবাইকে ব্যাকে বিশ্বাসী হতে হবে। এবং ব্যাকের মাধ্যমেই গুণ নিতে হবে।

যে কোন সরকারী ব্যাংকে এটা করতে পারে। একজন ফুলটাইম/পার্টটাইম বিশেষজ্ঞ নিয়ে এটা শুরু করা যায়। ব্যাংকে এগিয়ে এলে এবং বিশেষজ্ঞদের সহযোগিতা পেলে এটা খুব দ্রুতগতিতে কমপিউটার শিক্ষার প্রসারে কাজ করবে।

এ দেশের কমপিউটার বিক্রয়কার প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে লাভ কম নেন। আমরা যে কোন কমপিউটার কেনার সময় তাদের কাছে হলেছি, আমাদের টাকা পয়সা কম। এবং তারা সেটা কম লাভে দিয়েছে। বিক্রয়কারের সেবা তারা দিয়ে থাকে তবে পারিশ্রমিকের বিনিময়ে। তা ছাড়া অনেক হাতে ত্রি কমপিউটার দিতে আগ্রহ প্রকাশ করেছেন, সেগুলো শর্তহীন হলে আমরা নেবো। তবে শর্ত থাকলে নেবো না। কেউ যদি তাদের বাতিল কমপিউটার বা আমাদের জন্য অপ্রয়োজনীয় কমপিউটার দেন তা হলেও তা আমরা নেবো না। তবে আমাদের প্রয়োজনীয় কমপিউটারের যদি তারা বিনামূল্যে দেয়, সেটা আমরা ধন্যবাদের সাথে গ্রহণ করবো।

কমপিউটার প্রযুক্তি গ্রহণ না করে আমাদের কোন উপায় নেই। যদিও এ ব্যাপারে বেকারদের কথা চলে আসে। কিন্তু ঐ সব বেকারদের কমপিউটারের শিক্ষা নিয়ে বিশেষ পাঠানো যেতে পারে। আর বেকারদের কথা বললে বলতে হয় যে, এখন থেকে কিছু হ্রা নেবো। সেটা কি ট্রাকে নেবো, না লোকের মারফত ট্রাকে নিলে বেশ কিছু লোক বেকার হয়ে যাবে। কিন্তু পরে তারা অন্য কাৰ্কে নিয়োজিত হয়েই যায়। ট্রাকে যেমন মালামাল নিয়ে দ্রুত উন্নয়ন সম্ভব হয়েছে। দেশে কমপিউটারায়নের ফলে যে লাভ হবে তা অন্য ক্ষতির চেয়ে অনেক বেশী। সে জন্য অবশ্যই কমপিউটার প্রযুক্তি গ্রহণ করতে হবে। তা না হলে ভবিষ্যৎ প্রজন্মের কাছে আমরাই দায়ী থাকবো।



পল কমপিউটার সারা বিশ্বে এর সহজ ব্যবহার পদ্ধতি বা Ease of Use ও ব্যবহারকারীর সাথে বন্ধুত্ব User-Friendliness-এর জন্য পরিচিত। তাই শিক্ষা প্রতিষ্ঠানে এ্যাপল কমপিউটার ব্যাপক বিস্তার লাভ করেছে। আমাদের জানামতে বাংলাদেশে এ্যাপল একমাত্র কোম্পানী যার সকল শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে বিশেষ Educational Discount দিয়ে থাকে। এছাড়াও আমরা বাংলাদেশ প্রকৌশল

বিশ্ববিদ্যালয়ের কমপিউটার কৌশল বিভাগের ছাত্র-ছাত্রীদেরকে আগামী বৎসর থেকে In-Service-Training-এ আনার কথা সক্রিয়ভাবে বিবেচনা করছি।

বাংলাদেশ কমপিউটার কাউন্সিল-এর পরিসংখ্যান অনুযায়ী, বাংলাদেশে গত বছরের মতো কমপিউটার আমদানীর ৬০% হচ্ছে এ্যাপল ম্যাকিন্টশ কমপিউটার। ঢাকা ও অন্যান্য শহরে এ্যাপল কমপিউটারের ডিলারদের সহায়তায় বহু ক্রেতাপ কমপিউটিং সার্ভিস চালু হয়েছে বা হচ্ছে। এসব প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অংশ আমাদের Installment/Credit সুবিধা গ্রহণ করেছে। দু'বছর কথা, সরকারী বা আইনের বহন না থাকায় কিছু কিছু ক্ষেত্রে Installment/Credit Recovery যৌত্রে আশাব্যঞ্জক নয়। তাই আমাদের ডিলাররা এতে আর তেমন আগ্রহ দেখাচ্ছে না। এ ব্যাপারে সরকার বা ব্যাংকসমূহের যে কোন পদক্ষেপকে আমরা স্বাগত জানাবো।

সরকারী প্রতিষ্ঠানে কমপিউটার ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ কমপিউটার কাউন্সিল কর্তৃক অর্পিত নিয়ম-কানুন খোলা বাজারনীতির পক্ষে হওয়া উচিত, যাতে বাজারের সুস্থ প্রতিযোগিতা হয়। সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানে কমপিউটারায়নের পক্ষে সেমিনার ও দেশীয়

লাপসই প্রযুক্তি গড়ে তোলার সাহায্য করে বি সি সি দেশকে এগিয়ে নিয়ে যেতে পারে।

বিক্রয়কার গ্রাহক সেবার ব্যাপারে সকল বিক্রয়কার সমানভাবে সচেষ্ট নন। আপনারা যুক্ত দেখাচ্ছেন, বাংলাদেশে IBM compatible এর অনেক বিক্রয়কার আছেন, যার short term profit এর জন্য সাময়ি লাভে কমপিউটার বিক্রি করে পরে বিক্রয়কার সেবার কথা ভুলে যান। আমরা গর্বিত যে বাংলাদেশে আমরা ও এ্যাপল ডিলাররা সকল ছুটির দিন সহ



গোলাম মহিউদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক
সাইটেক কোঃ লিঃ
বাংলাদেশে এ্যাপল-এর
সেল ডিট্রিবিউটর।

২৪ ঘণ্টা বিক্রয়কার গ্রাহক সেবা প্রদান করে থাকি। আমাদের সম্পন্নিত গ্রাহকদের একশে পত্রিকা প্রকাশনার সাথে জড়িত। কলা বাহুল্য এই ক্ষেত্রে ২৪ ঘণ্টা বিক্রয়কার গ্রাহক সেবা অত্যাবশ্যকীয়।

আপনারা জেনে সুখী হবেন যে, আমরা কমপিউটার সার্ভিস কন্ট্রোল পদ্ধতি চালু করতে যাচ্ছি। এই ছুটির পর, সারা বৎসর ধরে যত বাব বা যত ধরনের হার্ডওয়্যার সমস্যা হোক না কেন, কোন ধরনের ছাড়াই আমরা তা ট্রিক করে দেব।

বর্তমানে দেশে কমপিউটার তৈরী বা সংযোগকার কোন পরিকল্পনা আমাদের নেই। তৃতীয় বিশ্বের পেছনের সারির একটি দেশ হিসেবে সাধ ও সাধের তড়াৎক অবশ্যই বিবেচনায় আনতে হবে। পলিসি বেকারদের বুঝতে হবে, কমপিউটার বিলাসদ্রব্য নয়, তাই ট্রাকেও কমাতে হবে। নতুন প্রযুক্তির সাথে দেশের পরিচয় করিয়ে দিতে হবে, কার্খার নিশ্চয়তা বিশ্বয় করে আনার ক্ষমতাকে কমপিউটার শিক্ষার আগ্রহী করে তুলতে হবে।

কমপিউটারায়নের ব্যাপারে আমরা যুবই আশাবাদী। বাতাসের মত প্রযুক্তিও সর্বব্যাপী, একে ধামানো সম্ভব নয়। এ সম্পর্কে আমাদের পরিকল্পনা/সুপারিশ :

- ক) স্থূল পর্যায়ে কমপিউটারায়নে সক্রিয় সরকারী সহযোগীতা।
- খ) প্রতি মাসে বিভিন্ন প্রতিষ্ঠানে কমপিউটার প্রদর্শনীর ব্যবস্থা করা।
- গ) বৎসরে একবার সম্ভারণের জন্য প্রদর্শনী
- ঘ) সম্ভারণ ক্ষমতের কমপিউটার সমৃদ্ধ জানার জন্য আমাদের যোগ্য দরজা দীর্ঘ - আধারা সব সময়েই আগ্রহীদের প্রাপ্ত উত্তর দিতে আগ্রহী।

কমপিউটার বিষয়ক আপনার যে কোন লেখা, চমকপ্রদ অভিজ্ঞতা, আইডিয়া, প্রশ্ন, মতামত বা পুস্তক সমালোচনা লিখে পাঠালে আমরা তা কমপিউটার জগৎ-এ প্রকাশ করতে পারলে আনন্দিত হবো। ছাপানো লেখার জন্য আপনাকে যথাযথ সম্মানী দেয়া হবে।

বি

ভিন্ন দেশে কোম্পানীর নিজস্ব ফাও
ধাকে। তাদের বাজার বেশ বড়।
বিক্রিও হয় বেশী। বছরে কয়েক
হাজার কোটি ডলার। আমাদের দেশ এক মার্কেট
বেশ ছোট। তাছাড়া আমরা education gift



পাই না। তবে
পেলে ডব্বিহাতে
শিক্ষা প্রতিষ্ঠান
সমূহে বিনামূল্যে
কমপিউটার
সেয়ার পুন
আছে।
ইতিমধ্যে
আমরা প্রায় ১০-
২০২ ছাড়ে
কমপিউটার এবং

অন্যান্য সামগ্রী বিক্রি করেছি। আমরা স্ট্রটা
সফটওয়্যার (Santa Cruz Unix
Operating System) প্রকৌশল
বিশ্ববিদ্যালয় ও অন্য একটি প্রতিষ্ঠানে বিনামূল্যে
সহকার্যের সিদ্ধান্ত নিয়েছি।
রাষ্ট্রদূতীদের জন্য "বিকম্পের" মত পরি-
কল্পনা কেবল ২/১টি কমপিউটার বিক্রোভার
পক্ষে সম্ভব নয়। কারণ অল্প কয়েকজনকে
সাহায্য করে খুব একটা ফলপ্রসূ প্রভাব ফেলবে
না। তবে সরকার বা ব্যাংকসমূহ এ ব্যাপারে
যথেষ্ট পদক্ষেপ নিতে পারে। কারণ কেন
কমপিউটার বিক্রোভাই চাইবে না তাদের টাকা
আটকিয়ে থাক।

বর্তমানে বিসিপি কর্তৃক বেছে দেয়া সমস্ত
গাইড লাইন সমর্থন করি না। কেন না গাইড
লাইনে যথেষ্ট পক্ষপাতিত্ব রয়েছে। মার্কেটের
সাথে কোন সমঞ্জস্যই নেই। তবে আগেরগুলো
তুলনামূলক ভাবে ভাল ছিল। বিসিপি'র প্রথম
উদ্দেশ্য ছিল কমপিউটারের ব্যবহার
ব্যাপকভাবে সম্প্রসারণ করা। এটা সবার জন্য
ভাল ছিল। কিন্তু এখন ওয়া নিয়ন্ত্রণটাকেই বেশী
প্রাধান্য দিচ্ছে। এ পর্যন্ত কোন বড় আকারে
একিবাশিনও তারা ব্যবস্থা করতে পারে নি।

আমরা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী
কমিশনের চেয়ারম্যান,
বেঙ্কিমবো, কমপিউটারলায়ও,
কমপিউটার সেন্টার ও আ্যাবাকাস
এও অটো-মেশনের সম্মানিত
কর্মকর্তা-দেরও সাক্ষাৎকার
নির্দেশি। কিন্তু দেরীতে পাওয়া বা
অসম্পূর্ণ থাকার জন্য এ সংখ্যার
সেতগুলো ছাটানো গেল না। আশা
করি তাদের সুচিন্তিত বক্তব্য সমূহ
আগামী সংখ্যায় পড়বেন।

বর্তমানে দেশে কমপিউটার তৈরী সম্ভব নয়।
কেননা তার জন্য যা tools প্রয়োজন হবে তার
কিছুই নেই এ দেশে। কমপিউটার তৈরীর জন্য যে
ধরনের দক্ষ লোকবল প্রয়োজন তার উগ্রাংশও
নেই আমাদের দেশে। তবে সেখানে করা যেতে

পারে। তার
জন্য প্রয়োজন
নয় দক্ষ
লোকজনের।
সেটাও আমা-
দের দেশে
অনেক কম।
আর এ ক্ষেত্রে
জাতীয় রাজস্ব
এ বা ড়েক
অবশ্যই ট্যাক্স

কমানোর ব্যবস্থা নিতে হবে।
কমপিউটার শিক্ষারপ্রসারে আমরা অন্য
দেশের তুলনায় অনেক অনেক পিছনে আছি। এ
ব্যাপারে সরকারী প্রচেষ্টার খুবই প্রয়োজন
রয়েছে। সরকারকেই এ ব্যাপারে প্রথমে এগিয়ে

আনা উচিত। সরকারের নিম্নলিখিত
পদ্ধতির মাধ্যমে ব্যাপক ভিত্তিক
কমপিউটার সাফরতকে অনেক
গুণে এগিয়ে নিতে পারে।
১) বিভিন্ন ধরনের পত্র
পত্রিকা বা প্রচার মাধ্যমের সাহায্যে
প্রচার করে জনগণকে উৎসাহিত
করা (যা অন্যান্য দেশে বহু আগে
থেকে প্রচলিত)।

২) কমপিউটার বিক্রোভা যা
শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে।
৩) ব্যাপক কমপিউটার প্রশ্রণীর মাধ্যমে।
৪) বিভিন্ন ছুটে কমপিউটার উৎসাহী
ব্যক্তি/প্রতিষ্ঠানের রূপ নিয়ে কমপিউটার
বিক্রির মাধ্যমে।

যেহেতু কমপিউটার একটি তথ্য প্রক্রিয়া
করণ যন্ত্র, এটা ব্যবহার না করে বাইরের
ব্যবসায়ীদের কাছে থেকে আমরা অনেক পিছিয়ে
পড়ছি। আর এটা এখন একটা প্রযুক্তি যা যে
কোন ব্যবস্থাপনা কাজের সহায়ক হিসাবে
ব্যবহার করা যায়।

আমরা শিল্প বিপ্লবকে মিন্দ করছি। তথ্য
বিপ্লব আমাদের সেই গ্যাপ পূরণের এবং উন্নতির
জন্য একটা বিরাট সুযোগ এনে দিয়েছে। এশিয়ার
অন্যান্য দেশ এ সুযোগকে কাজে লাগিয়েছে।
যেকোন ভারতে কমপিউটার ক্রয় পুরাপুরি আয়কর
মুক্ত। এতে ডিসিনিশিয়েন ৩০%। সেখানে এ
রকম আয়ও অনেক ব্যবস্থা নেয়া হয়েছে যা
আমাদের এখানে নেই। আমাদের এখন একমাত্র
উপায় ভারতের মত তড়িত্ত ব্যবস্থা নেয়া। যাতে
আর কোনদিন আমাদের পস্জাততা না হয়।

ক

কমপিউটার বিক্রোভাবণ আমাদের
দেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে
বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে
কমপিউটার সরবরাহ করলে তা দেশে
কমপিউটারায়নে এবং কমপিউটার শিক্ষার
প্রসারে অবশ্যই যথেষ্ট প্রভাব ফেলবে।

কমপিউটার স্কুল এবং কলেজে চালু করা
হোক এই ধারণাকে আমরা দুর্ভাগ্যে সমর্থন করি।
কিন্তু উন্নত দেশসমূহের শিক্ষা প্রতিষ্ঠানগুলো
ব্যবসায়ী সম্প্রদায় এবং সরকার থেকে অনুদান
পায়। ফলে সর্ব্বমুখিক শিক্ষা সম্পর্কিত যন্ত্রপাতি
স্বাধার মতো নিজেদের অর্থনৈতিক সামর্থ্য থাকে
অন্যদিকে আমাদের স্কুল কলেজের মাত্র
কয়েকটি সরকার থেকে কিছু অর্থ সাহায্য পা
নিয়ে বেতন এবং রক্ষণাবেক্ষণ খরচ কোনদিকে
যেঁচোনা যায়। আমরা যেন বেশী আমাদের শিক্ষা
যন্ত্রপালের বিভিন্ন দাতাসংস্থা/দেশকে
অনুদানের জন্যে এ্যাপ্রোচ করার জন্য উদ্যোগ
নেয়া উচিত। আমি সম্পূর্ণ নিশ্চিত যে, অনেক
দেশ একে সংস্থা এ ব্যাপারে এগিয়ে আসবে।



রাশেদ চৌধুরী
পরিচালক (মার্কেটিং)
কমমস কমপিউটার্স লিঃ
কলকাতা-৩ আর কমপিউটার গিঃ
২৪ সোল ডিভিবিটর/একসেট

একটি বাণিজ্যিক এবং পেশাজীবী প্রতিষ্ঠান
হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশেষ
ডিসকাউন্ট এবং সেবা প্রদানের নীতি আমাদের
রয়েছে।

তবে গণ সচেতনতা সৃষ্টির জন্যে কেবল
একটা কমপিউটার একটা ছাত্রের হাতে তুলে
দিলেই সমস্যার সমাধান হবে না, আমাদেরকে
জনগণকে এর প্রয়োণ সম্পর্কে সচেতন করে
তুলতে হবে।

এখন পর্যন্ত আমরা আমাদের পণ্য বিভিন্ন
কমপিউটার বিক্রোভা, বুচরা ক্রেতা এবং
কর্পোরেট গ্রাহকদের কাছে বিক্রোভা করে আসছি।
যারা তাদের প্রয়োজনের পূর্ণ সামাধান চায়। যার
মাধ্যমে রয়েছে হার্ডওয়্যার এবং সফটওয়্যার যা
আমরা স্বয়ংস্বের প্রয়োজন অনুযায়ী ডেভেলপ
করে নিয়ে থাকি। আমরা ক্রেডিটে কমপিউটার
বিক্রি করতে পারি।

আমাদের জানাযতে বালাদেশে কম্পিউটার কাউন্সিলের সরকারী প্রতিষ্ঠানসমূহে কম্পিউটার ইনস্টল করার একটি গাইডলাইন আছে, যা আমি মনে করি বাইওও নয়। একটা পেশাদার কোম্পানী হিসেবে আমাদের দায়িত্ব হচ্ছে গ্রাহকদের সাথে ব্যাখ্যা এবং প্রায়ণ করা কোন সফটওয়্যার অথবা প্রয়োজ পদ্ধতি তাদের প্রয়োজন সবচেয়ে ভাল মেটায়ে। এখন পর্যন্ত আমরা এটা করতে সম্পূর্ণ সফল হয়েছি।

আমরা ২৪ ঘণ্টা দিবাতি সেবা প্রদান করে থাকি এবং গ্রাহকের টেলিফোন পাওয়ার দুখটার মধ্যে আমাদের প্রকৌশলীরা সাড়া দেন। আমরা দেশের একমাত্র কম্পিউটারইন্ড বার্ডা সংস্থা ইউনাইটেড নিউজ অব বালাদেশকে ব্যাক-আপ সেবা প্রদান করছি যা বিস্ময়কর কাজ করে। কৌশলভাষ ক্ষেত্রেই আমরা দেখছি কম্পিউটার কোম্পানীগুলো অত্যন্ত অপেশাদারী মনোভাব নিয়ে কাজ করে। প্রতিটি কোম্পানী গ্যারান্টি এবং বিক্রয়োত্তর সেবার কথা বলেও তা রাখতে পারে না। আমার মনে হয় তাদের ইনভেস্টিমেন্টে দরকারী খুসরা যত্নালা বা লজিকিকস নেই।

এদিক দিয়ে আমাদের গ্রাহকরা খুবই সন্তুষ্ট। যেসব কম্পিউটার আমরা বাজারজাত করছি সেগুলো আমজাই অ্যাসেসমুল করে থাকি। এছাড়া আমরা কম্পিউটার যোগাযোগ সমস্জায় ডিআইন এবং উৎপাদন করছি ইউনাইটেড নিউজ অব বালাদেশ যে যোগাযোগ ব্যবস্থা চালু রয়েছে তার ডিআইনও কোনো প্রকার বিদেশী সহযোগিতা ছাড়াই আমরা তৈরী ও উদ্ভান করছি।

যে কোন ব্যবসার ক্ষেত্রেই তথ্য প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিশেষ করে প্রোগ্রামার ও সিস্টেম এ্যানালিস্টদের শিক্ষার ক্ষেত্রে তথ্য প্রযুক্তি কম্পিউটারিদের মানকে উন্নত করে। ব্যক্তিগতভাবে আমি মনে করি এ ব্যাপারে বালাদেশে কম্পিউটার কাউন্সিল ও শিক্ষা মন্ত্রণালয়কে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। কর্তৃপক্ষকে কম্পিউটার শিক্ষার মান নির্ধারণ করতে হবে। কোনো কম্পিউটার ট্রেনিং ইনস্টিটিউট কোনো সার্টিফিকেট ইস্যু করার আগে বালাদেশ কম্পিউটার কাউন্সিলের উচিত পরীক্ষাগুলো সমন্বিত (integrated) করা যা প্রশিক্ষণের মান উন্নত করতে সাহায্য করবে। কম্পিউটার প্রশিক্ষণের উদ্দেশ্য হওয়া উচিত কম্পিউটার এবং হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কে প্রাথমিক ধারণা দেওয়া, যেসব ব্যবসায়িক কাজে কম্পিউটার ব্যবহৃত হয় সেগুলো সম্পর্কে ভূমিকা দেওয়া, কিভাবে কম্পিউটার ব্যবসায়িক সংগঠনে সমন্বিত হয় তা শেখানো, প্রোগ্রামিং-এ প্রশিক্ষণ দেওয়া, যাতে একটা প্রোগ্রাম একটা বিশেষ তাহায় লেখা এবং ডেবুগিং-টি করা যায় এবং ব্যবসায়িক সংগঠন সম্পর্কে ভূমিকা দেওয়া।

সফটওয়্যারের গোপন কারুকাজ

আবুল কাশেম

ওয়ার্ডস্টার : কমাও শর্টহ্যাও

লোটাস ১-২-৩ : স্বয়ংক্রিয় ম্যাক্রো

যারা ওয়ার্ডস্টার সফটওয়্যার ব্যবহার করেছেন তারা জানেন যে এতে একটা শর্টহ্যাও মেনু আছে এবং সেখানে ০ থেকে 9 এবং A থেকে Z অক্ষরগুলোর বিপরীতে ইচ্ছামত বকল ব্যবহৃত যাক বা শব্দ সংজ্ঞায়িত করে রাখা যায়। কিন্তু আপনি জানেন কি -এটোতে ওয়ার্ডস্টারের বিভিন্ন কমাওও সংজ্ঞায়িত করে রাখা যায়? যেমন ধরুন- ফাইলের তালিকা বা সেবে ফাওয়ার ছাড়া আপনি কমাও ব্যবহার করবেন ^Q বা ^C । অতঃ শর্টহ্যাও এদের সংজ্ঞায়িত করে রাখলে শুধুমাত্র একটা কী প্রেস করাই এরপ একটা কমাওের কাজ করতে পারেন। যেমনটি পরায় ছবি পাঠান কী প্রেস করার মধ্যমে। ছবি যাক E এর বিপরীতে আপনি ^C কমাওটি সংজ্ঞায়িত করবেন। এরফলা নীচের নিয়মাবলী অনুসরণ করুন :

- Esc কী প্রেস করুন
- ^ কী প্রেস করুন
- Character to be defined? প্রদ্রের সামনে E টাইপ করুন
- Description for Esc Menu? প্রদ্রের সামনে End of file টাইপ করে ^ কী প্রেস করুন
- Definition ? প্রদ্রের সামনে প্রথমে ^P কমাও দিন তারপর ^Q কমাও দিন, আবার ^P কমাও দিন, এবং সবশেষে তথু C টাইপ করে ^ কী প্রেস করুন।

এ ভাবে আপনার বহল ব্যবহৃত কমাওগুলো সংজ্ঞায়িত করুন। এক সংশেষে Character to be defined? প্রদ্রের সামনে ^ প্রেস করুন এবং Store Changes onto disk (Y/N) ? প্রদ্রের সামনে Y প্রেস করুন, এতে করে আপনার সংজ্ঞাগুলো ডিস্কে স্থায়ীভাবে রক্ষিত হয়ে যাবে। এরফল ফর্নই কমাওগুলো ব্যবহার করবেন তখন Esc কী প্রেস করে সেই অক্ষরটি প্রেস করুন যা বিপরীতে কমাওটি সংজ্ঞায়িত করেছেন। যেমন ^C -এর বোঝার Esc কী প্রেস করে E প্রেস করুন তাহলেই কার্পর ফাইলের শেষে চলে যাবে। চেষ্টা করে দেখুন সহজে কাজ করার আনন্দ পাবেন।

যারা লোটাস ১-২-৩ তে ম্যাক্রো ব্যবহার করেছেন তারা জানেন যে, এ ম্যাক্রোগুলোকে A থেকে Z পর্যন্ত বোলে অক্ষরের বিপরীতে সংজ্ঞায়িত করতে হয় এবং ম্যাক্রোগুলো প্রয়োগ করার জন্য Alt কী সহযোগে ঐ অক্ষরটি প্রেস করতে হয়। কিন্তু এটা জানেন কি যে - এমন একটা ম্যাক্রো আছে যাকে প্রয়োগ করতে কোন কী প্রেস করার প্রয়োজন হয় না? যে ফাইলে ম্যাক্রোটি সংজ্ঞায়িত করা রয়েছে সে ফাইলে Retrieve কলেই ঐ ম্যাক্রোটি স্বয়ংক্রিয়ভাবে কাজ করে। এরপ ম্যাক্রোকে লোটাস Auto execution Macro বলে। এটি সংজ্ঞায়িত করতে হয় ০ (শূন্য) এর বিপরীতে। দেশের কাজ আপনি ফাইল Retrieve করে নতুন কাজ শুরু পূর্বেই করে নিতে চান সেগুলোকে স্বয়ংক্রিয় ম্যাক্রোতে সংজ্ঞায়িত করে রাখুন।

